পবিত্র রমজানে সুবিধাবঞ্চিত মানুষের পাশে ফ্রেশ

আমাদের জীবনে পবিত্র মাহে রমজান আসে সংযম ও সহমর্মিতার বার্তা নিয়ে। সবাইকে নিয়ে ভালো থাকার মাঝে রমজানের প্রকৃত মহিমা। দিনব্যাপী পানাহার থেকে বিরত থাকার পর আমাদের প্রতিদিনের ইফতারে থাকে নানা ধরনের সুস্বাদু খাবারের আয়োজন, ঘরে ঘরে, হোটেলে বা রেস্তোরাঁয় চলে ইফতার পার্টি। অথচ খোঁজ নিয়ে দেখি আমাদের খুব কাছাকাছি থাকা সুবিধাবঞ্চিত মানুষগুলো প্রতিদিন ইফতারে কী খাচ্ছে? আমাদের মধ্যে বেশির ভাগই হয়তো খোঁজ রাখি না আমাদের ঘরে কাজ করা মেয়েটা অথবা নিত্যদিনের বাজার বয়ে দিয়ে যাওয়া ছেলেটা সারা দিন বাদে ইফতারে কী খাচ্ছে, সারা দিন সংযমের পর এক গ্লাস পানি আর সামান্য কিছু খাবার হয়তো এই মানুষগুলোর কাছে মহার্ঘ্য।